



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ  
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED  
(A Company of Petrobangla)

সূত্র নং-২৮.০৯.০০০০.০১২.২৭.০০৫.২১/৫৯  
তারিখ-২৬ জানুয়ারী, ২০২১

**বর্তমান ঠিকানা:**

জনাব মাহি মুহিউদ্দিন তালুকদার  
প্রযুক্তি-ডঃ মোঃ নুরুল হক  
সড়ক নং-১০, বাসা-৫  
ফারইস্ট হাউজিং (বসতি প্রপার্টি লিঃ)  
বড়বাগ, মিরপুর-২, ঢাকা-১২১৬।

**স্থায়ী ঠিকানা:**

জনাব মাহি মুহিউদ্দিন তালুকদার  
প্রযুক্তি- হাজী বেলাল আহমেদ  
কৃষ্ণপুর, ৫ নং কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ  
কে. কল্যাণপুর-২৪৬০, খালিয়াজুরি,  
নেত্রকোনা।

**বিষয়: অভিযোগনামা।**

যেহেতু, আপনি জনাব মাহি মুহিউদ্দিন তালুকদার, সহকারী ব্যবস্থাপক (যন্ত্রকৌশল), পরিচিতি নম্বর:০৮০৮, প্রকৌশল বিভাগ, বাপেক্স, ঢাকা গত ১৭-০৮-২০১৭ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

এবং যেহেতু, আপনার উপরোল্লিখিত কর্মকান্ড বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর কর্মচারী-চাকুরী প্রবিধানমালা-২০০২ (সংশোধিত-২০১০) এর প্রবিধান ৩৭ অনুযায়ী সাধারণ আচরণ ও শৃঙ্খলা পরিপন্থি কর্মকান্ড এবং একই প্রবিধানমালার আওতায় শক্তিয়োগ্য অপরাধ।

এক্ষণে সেহেতু, আপনি জনাব মাহি মুহিউদ্দিন তালুকদারকে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর কর্মচারী-চাকুরী প্রবিধানমালা-২০০২ (সংশোধিত-২০১০) এর প্রবিধান ৩৮(ক)(খ)(গ) অনুযায়ী অভিযুক্ত করা হলো। সেই সাথে উক্ত প্রবিধানমালার সংশ্লিষ্ট প্রবিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে অগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

২৬.০১.২০২১  
(মোহাম্মদ আবুল বশর)  
মহাব্যবস্থাপক(প্রশাসন)  
৪ পা

সংযুক্তি: অভিযোগ বিবরণী ০১(এক) পাতা।

**অনুলিপি:**

- ১। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), বাপেক্স, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক (প্রকৌশল), বাপেক্স, ঢাকা।
- ৩। ব্যবস্থাপক(সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়, বাপেক্স, ঢাকা।
- ৪। স্বাক্ষরিত নথি।
- ৫। অফিস কপি।



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ  
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED

(A Company of Petrobangla)

অভিযোগ বিবরণী

আপনি জনাব মাহি মুহিউদ্দিন তালুকদার, সহকারী ব্যবস্থাপক (যন্ত্রকৌশল), পরিচিতি নম্বর:০৮০৮, প্রকৌশল বিভাগ, বাপেক্স, ঢাকা যুক্তরাষ্ট্রের Clarkson University, New York এ Mechanical Engineering বিষয়ে মাস্টার্স ডিগ্রী অর্জনের জন্য ০১-০৮-২০১৭ হতে ৩১-০৭-২০১৯ তারিখ পর্যন্ত অথবা প্রকৃত যাত্রার তারিখ হতে ০২(দুই) বছর অধ্যয়ন ছুটির জন্য আবেদন করেন।

উক্ত আবেদনের প্রেক্ষিতে আপনার আবেদনকৃত সময় বিনা বেতনে অধ্যয়ন ছুটি মঞ্জুরের লক্ষ্যে ২০ জুলাই ২০১৭ তারিখ আবেদনপত্রটি পরবর্তী কার্যক্রম গ্রহণার্থে পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা বরাবরে প্রেরণ করা হয়।

আপনার আবেদনের প্রেক্ষিতে ছুটি মঞ্জুর হওয়া বা ছুটি মঞ্জুর সংক্রান্ত সরকারী প্রজ্ঞাপন জারি হয়নি। এছাড়া ছুটি মঞ্জুর পরবর্তী বাপেক্স থেকে কোন ছাড়পত্রও গ্রহণ করেননি।

আপনি সর্বশেষ ১৬-০৮-২০১৭ তারিখে আপনার দাপ্তরিক হাজিরা খাতায় স্বাক্ষর করে অদ্যবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এছাড়া আপনার অবস্থান সম্পর্কে কর্তৃপক্ষকে কোন কিছুই অবহিত করেননি।

আপনার উপরোল্লিখিত কর্মকান্ড বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর কর্মচারী-চাকুরী প্রবিধানমালা-২০০২ (সংশোধিত-২০১০) এর প্রবিধান ৩৭ অনুযায়ী সাধারণ আচরণ ও শৃঙ্খলা পরিপন্থী কর্মকান্ড এবং একই প্রবিধানমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ গণ্য করে প্রবিধান ৩৮(ক)(খ)(গ) অনুযায়ী আপনাকে অভিযুক্ত করা হয়েছে।

২৪.০১.২০২৩  
(মোহাম্মদ আবুল বশর)  
মহাব্যবস্থাপক (প্রশাসন)  
৪/৩

৪/৩